

যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:২৬ এএম

শিক্ষাঙ্গন

বিদেশ কেন্দ্রে পাশের হার সবচেয়ে বেশি



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০২:১৮ পিএম



২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় বিদেশ থেকেও পরীক্ষা দিতে পেরেছেন পরীক্ষার্থীরা। দেশের বাইরে অবস্থিত আটটি কেন্দ্রের ফলাফল গড়পড়তার চেয়ে বেশ ভালো। এখানে পাশের হার বেশি বলে জানা গেছে।

বিদেশ কেন্দ্রে ২৯১ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষা দিয়েছিলেন। এ কেন্দ্রগুলোতে ২৭.৯ জন পরীক্ষার্থী পাশ করেছে। পাশের হার ৯৫.৮৮ শতাংশ। পরীক্ষায় ১২ জন শিক্ষার্থী ফেল করেছেন। বিদেশ কেন্দ্র থেকে শতভাগ পাশ করা প্রতিষ্ঠান আছে দুটি।

আজ বৃহস্পতিবার এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়। সকাল ১০টায় ফলাফল দেশের শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট, সংশ্লিষ্ট সব পরীক্ষা কেন্দ্র ও শিক্ষাপ্রতিষ্ঠান এবং এসএমএসের মাধ্যমে প্রকাশ করা হয়।

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছিল গত ২৬ জুন, যা শেষ হয় ১৯ আগস্ট। এবার ১১টি শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নিয়েছিলেন ১২ লাখ ৩৫ হাজার ৬৬১ জন শিক্ষার্থী। এর মধ্যে ৬ লাখ ১১ হাজার ৪৪৬ জন ছাত্র এবং ৬ লাখ ২৪ হাজার ২১৫ জন ছাত্রী।